

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

১৯ অর্থহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ

নং-১০.০০.০০০০.১২৬.২০.২৫৫.১২-০১

তারিখ-----

০২ জানুয়ারি ২০১৯ খ্রিঃ

প্রেরক : ওয়াসিম শেখ

সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

কক্ষ নং-৫০৩, ৫ম তলা সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ কক্সবাজার জেলা আইনজীবী সমিতি ভবন বর্ধিতকরণ, এনেক্স ভবন নির্মাণের জন্য অনুদান প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বিষয়ঃ কক্সবাজার জেলা আইনজীবী সমিতি ভবন বর্ধিতকরণ, এনেক্স ভবন নির্মাণের জন্য এ বিভাগের অনুকূলে চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে ১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ কোডের ৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাতের বরাদ্দকৃত অর্থ হতে ১৫০.০০ লক্ষ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদানে সরকারের মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

**শর্তাবলী :**

- ক) বিশেষ অনুদান খাতে বরাদ্দকৃত এ অর্থ জেলা আইনজীবী সমিতির সভাপতি/সাধারণ সম্পাদকের স্বাক্ষরে এবং জেলা জজ, কক্সবাজার এর প্রতিস্বাক্ষরের মাধ্যমে উত্তোলন করতে হবে;
- খ) বরাদ্দকৃত অর্থ দিয়ে কক্সবাজার জেলা আইনজীবী সমিতি ভবন বর্ধিতকরণ, এনেক্স ভবন নির্মাণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;
- গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ঙ) প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ভবন নির্মাণ কাজের অগ্রগতি এবং ব্যয় বিবরণী এ বিভাগ-কে অবহিত করতে হবে;
- চ) কক্সবাজার জেলা আইনজীবী সমিতি ভবন বর্ধিতকরণ, এনেক্স ভবন নির্মাণে কোন ধরণের অনিয়ম পরিলক্ষিত/উদঘাটিত হলে সেক্ষেত্রে উক্ত অনুদান কৃত অর্থ ব্যবহারকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ছ) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার অফিসের অনুকূলে অবিলম্বে অর্থরিটি ইস্যু করতঃ উহার একটি কপি এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**প্রঃ-**

(ওয়াসিম শেখ)

সিনিয়র সহকারী সচিব


ফোন : ৯৫৪০০০৯(অফিস)

তারিখ-০২/০১/২০১৯ খ্রিঃ

নং-১০.০০.০০০০.১২৬.২০.২৫৫.১২-০১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। জেলা জজ, কক্সবাজার (সংশ্লিষ্ট আইনজীবী সমিতিকে অবহিত করণের অনুরোধ সহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, কক্সবাজার জেলা আইনজীবী সমিতি, কক্সবাজার।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
- ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(ওয়াসিম শেখ)  
সিনিয়র সহকারী সচিব